

চবিতে ৭৩ কোটি টাকার বাজেট অনুমোদন

বাউলিদি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০৮-০৯ অর্থবছরে ৭২ কোটি ৮০ লাখ টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। গতকাল শনিবার বিকেলে চবি সিনেট কক্ষে অনুষ্ঠিত সিনেটের ২০তম বার্ষিক সাধারণ সভায় এ বাজেট অনুমোদন করা হয়। চবি উপাচার্য প্রফেসর ড. এম বদিউল আলমের সভাপতিত্বে এ সিনেট সভায় বাজেট পেশ করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. জহুরুল ইসলাম। এসময় ২০০৭-০৮ অর্থবছরের ৬৯ কোটি ২০ লাখ টাকার সম্পূর্ণ বাজেটও পাস করেন সিনেট সদস্যরা।

এবারের বাজেটে অন্যবারের মতো শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা খাতে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে। এ খাতে বরাদ্দ দেয়া হয়েছে ৪৬ কোটি টাকা। পেনশন খাতে বরাদ্দ দেয়া হয়েছে ১১ কোটি টাকা। এছাড়া প্রতিবারের মতো এবারও বরাদ্দ কম রাখা হয়েছে শিক্ষা আনুষঙ্গিক খাতে। এ খাতে বরাদ্দ রাখা হয়েছে ৫ কোটি ৩ লাখ ৫০ হাজার টাকা। এসময় সিনেট সদস্যরা বাজেটের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।